

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০১২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ )

পরিচ্ছেদঃ ১৬. প্রথম অনুচ্ছেদ - দানসমূহ

بَابُ الْعَطَايَا

আরবী

وَعَنْهُ قَالَ: إِنَّمَا الْعُمْرَى الَّتِي أَجَازَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِن يَقُول: هِيَ لَعُقبك فَأُمَّا إِذَا قَالَ: هِيَ لَكَ مَا عِشْتَ فَإِنَّهَا ترجع إِلَى صَاحِبهَا

বাংলা

৩০১২-[৫] উক্ত রাবী [জাবির (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীবনস্বত্বের অনুমতি দিয়েছেন এভাবে যে, দাতা এরূপ বলবে- 'এটা তোমার ও তোমার উত্তরাধিকারীদের জন্য'; কিন্তু যে এভাবে বলবে, 'এটা তোমার জন্য যতক্ষণ পর্যন্ত তুমি বেঁচে থাকবে', তখন তা তার দাতার কাছে ফিরে যাবে। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৬২৫, মুসলিম ১৬২৫, আবূ দাউদ ৩৫৫৫, আহমাদ ১৪১৩১, ইরওয়া ১৬১২, সহীহ ইবনু হিব্বান ৫১৩৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّمَا الْعُمْرَى الَّتِيْ أَجَاز) ফাতহুল ওয়াদূদ গ্রন্থকার বলেন, এটা জাবির বিন 'আব্দুল্লাহ-এর ইজিতিহাদ। সম্ভবত তিনি এটা (الَّيْمَا رَجُلُ أَعْمَرَ رَجُلًا عُمْرَ لَهُ أَعْمَرُ رَجُلًا عُمْرَ لَهُ أَعْمَرَ لَهُ أَعْمَرَ وَاللَّهُ أَعْمَرَ وَاللَّهُ وَاللَّهُ الْعُمْرَى لَهُ ) অর্থাৎ- "যে কোনো ব্যক্তিকে জীবনস্বত্ব দান করা হবে তা তার জন্য এবং তার পরবর্তীর জন্য"। এ হাদীসের অর্থ হতে গ্রহণ করেছেন। আর ইজিতিহাদ কখনো ভাষ্যের বিরোধিতা করতে পারে না। আর ইজিতহাদে কোনো দলীল নেই। সুতরাং এর মাধ্যমে সাধারণ হাদীসগুলো বিশেষিত হবে না। (মিরকাতুল মাফাতীহ; 'আওনুল মা'বূদ ৬ৡ খন্ড, হাঃ ৩৫৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন